গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
www.tanore.rajshahi.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১৯৪.০০০.০৪.০০২.২২-১৫২৬

তারিখ ঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নের বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্র চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভূক্ত ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি (প্রাথমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত) প্রদানের নিমিত্ত তানোর উপজেলার স্থানীয় বাসিন্দাদের মধ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভূক্ত দরিদ্র ছাত্র/ছাত্রীদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়/সকল পৌরসভা/ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারে পাওয়া যাবে। **www.tanore.rajshahi.gov.bd** ওয়েবসাইট হতে ও আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নেয়া যাবে। আবেদনের জন্য ফরমের ফটোকপিও গ্রহণযোগ্য। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস চলাকালীন সময় যোগাযোগ করা যেতে পারে।

### শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে তানোর উপজেলার স্থায়ী বাসিন্দা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অন্তর্ভূক্ত হতে হবে।
২। আবেদনকারীকে দরিদ্র পরিবারের সদস্য ও বর্তমান কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
৩। সর্বশেষ পাবলিক পরীক্ষার (পিএসসি/জেএসসি/এসএসসি/সমমান/অন্যান্য) মার্কসিট/ট্রান্সক্রিপ্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৪। আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং যে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর একজন গণ্যমান্য ব্যক্তির নিকট হতে গৃহীত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। জেলা প্রশাসক, রাজশাহী কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদপত্র থাকলে তা সংযুক্ত করতে হবে।
৫। আবেদনকারীকে নিজ জন্ম নিবন্ধনের ফটোকপি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোন সম্প্রদায় তা জন্ম নিবন্ধন সনদে লিখতে হবে।
৬। আবেদনকারী যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নাম ও মোবাইল নম্বর আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৭। আবেদনকারী যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ এবং আবেদনকারীর নিজ হাতে পুরণকৃত ফরম আগামী ১৫/১২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় সরাসরি/ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহীতে পৌঁছাতে হবে। অসমাপ্ত অথবা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র শিক্ষাবৃত্তি প্রদানের জন্য বিবেচনা করা হবে না।
৮। (২০২১-২০২২ অর্থ বছরে) শিক্ষা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীকে আবেদন করার প্রয়োজন নাই।
৯। যেকোন সময় বিজ্ঞপ্তিটি শর্ত সংশোধন, পরিবর্তন, পরিবর্ধনসহ নতুন শর্ত আরোপের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

27/11/2022

(পংকজ চন্দ্র দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী
ফোন-০২৪৭৮-৫১০০২
unotanore@mopa.gov.bd

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, রাজশাহী
২। উপজেলা ................................ অফিসার, তানোর, রাজশাহী
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী (উপজেলাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিজ্ঞপ্তি বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ কপি প্রেরণ করা হলো)
৪। উপজেলা শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী (উপজেলাধীন সকল প্রাথমিক বিদ্যালয়ে বিজ্ঞপ্তি বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ কপি প্রেরণ করা হলো)
৫। মেয়র.....................পৌরসভা (সকল), তানোর, রাজশাহী (তাঁর পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং ব্যাপক প্রচারের অনুরোধসহ কপি প্রেরণ করা হলো।)
৬। চেয়ারম্যান, ....................... ইউপি(সকল), তানোর, রাজশাহী (তাঁর পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং ব্যাপক প্রচারের অনুরোধসহ কপি প্রেরণ করা হলো।)
৭। জনাব ........................................................, তানোর, রাজশাহী
৮। অফিস কপি।

''শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
www.tanore.rajshahi.gov.bd

আবেদনকারীর পাসপোর্ট
সাইজের রঙ্গীন ছবি

# শিক্ষা বৃত্তি আবেদন ফরম

১। আবেদনকারীর পূর্ণ নাম ঃ
২। আবেদনকারীর পিতার নাম ঃ
৩। আবেদনকারীর মাতার নাম ঃ
৪। ঠিকানা ঃ
ক) স্থানীয় ঠিকানা গ্রাম/মহল্লা ঃ ডাকঘর ঃ
উপজেলা ঃ জেলা ঃ
খ) বর্তমান ঠিকানা গ্রাম/মহল্লা ঃ ডাকঘর ঃ
উপজেলা ঃ জেলা ঃ
৫। জন্ম তারিখ ও জন্ম নিবন্ধন নং ঃ
৬। মোবাইল নম্বর ঃ
৭। অধ্যয়নরত শ্রেণীর নাম ঃ
৮। শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ
৯। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম ঃ

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরোক্ত বর্ণিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

১০। প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন ঃ

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আবেদনকারী অত্র শিক্ষা প্রতিষ্ঠানে.................................................... শ্রেণীতে অধ্যয়নরত আছে। সে একজন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী।

(প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, সীল)
মোবাইল নম্বর ঃ

## আবেদনের শর্তাবলী ঃ

০১। জেলা প্রশাসক, রাজশাহী কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদপত্র/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
০২। আবেদনকারী বিগত (২০২১-২০২২ অর্থ বছর) শিক্ষা বৃত্তি পেয়ে থাকলে আবেদন করা যাবে না।
০৩। ১ম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত ছাত্র/ছাত্রী আবেদনপত্র জমা দিতে পারবে।
০৪। আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
০৫। আগামী ১৫/১২/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহীতে আবেদনপত্র গ্রহণ করা হবে।
০৬। আবেদনপত্র অসম্পূর্ণ হলে বা কোন ভুল তথ্য প্রদান করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

PDebnath
29/11/2022

(পংকজ চন্দ্র দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী
ফোন-০২৪৭৮-৫১০০২
unotanore@mopa.gov.bd